

জন্মকণ্ঠ (এজেন্সি)

২৪ নভেম্বর, ২০১৯

পৃষ্ঠা - ৬

শ্রেনীসংখ্যা - ৬৭৮. ১৪১২৭

বর্ণাঢ্য আয়োজনে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রতিষ্ঠাবার্ষিকী

বেসরকারী বিশ্ববিদ্যালয় ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ১৪তম প্রতিষ্ঠাবার্ষিকী বর্ণাঢ্য আয়োজনে পালিত হয়েছে। এ উপলক্ষে বরেণ্য শিক্ষাবিদ, শিক্ষক, শিক্ষার্থী এবং আমন্ত্রিত বিশিষ্ট অতিথিদের পদচারণায় মুখরিত হয়ে ওঠে শেরেবাংলানগরে অবস্থিত বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র।

মূল আলোচনাপর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রী আবুল কালাম আজাদ এমপি। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রফেসর এমিরিটাস সিরাজুল ইসলাম চৌধুরী। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, সরকারের একাধিক পক্ষে শিক্ষাক্ষেত্রের সকল সমস্যার সমাধান সম্ভব নয়। এ জন্য

শিক্ষা সংবাদ

সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানকে একযোগে কাজ করতে হবে। অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী বলেন, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি বুদ্ধিবৃত্তিক ও নৈতিক দায়বদ্ধতার দৃষ্টান্ত স্থাপন করেছে। অশা করি ক্রমস্বয়ংক্রিয় ইউনিভার্সিটি সফল হবে।

এর আগে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ শরিফ আনুষ্ঠানিকভাবে অতিথিদের স্বাগত জানান। বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ডিরেক্টর্সের সভাপতি জালালুদ্দীন আহমেদ তাঁর লিখিত ভাষণে বলেন, আমাদের চেষ্টা থাকছে যেন এটি এই অঞ্চলের সেরা প্রাইভেট বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠিত হতে পারে।

অনুষ্ঠানে শিক্ষাক্ষেত্রে এবং শিক্ষাক্ষেত্রের বাইরে অসাধারণ নৈপুণ্য

প্রদর্শনের জন্য একাদল শিক্ষার্থীকে পুরস্কৃত করা হয়। এছাড়া অটিস্টিক শিশুদের স্কুল এস ডব্লিউআইডি প্রতিষ্ঠার জন্য সর্গশ্রী কীর্তিপক্ষকে স্বীকৃতি প্রদান করা হয়। কর্মক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি সদস্য ও প্রশাসনিক স্টাফদেরকে সনদপত্র প্রদান করা হয়। আলোচনাপর্ব শেষ হয় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মুনীরগদ্দিন আহমেদের ধন্যবাদ জ্ঞাপনের মধ্য দিয়ে। সবশেষে ছিল বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের পরিবেশিত মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যা। বিপুল সংখ্যক অতিথি সঙ্গীত-নৃত্য-নাটক সংবলিত এই সাংস্কৃতিক পর্বটি উপভোগ করেন।

এর আগে সকালে একই তেন্যুতে শিশু-কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে বিচারক প্যানেলে ছিলেন চার খ্যাতিমান চিত্রশিল্পী আবদুস সাত্তার, মোঃ হামিদুজ্জামান খান, আবুল বারক আলভী ও সমরজিৎ রায় চৌধুরী। তিনটি শাখায় সেরা তিনজনকে পুরস্কার প্রদান ছাড়াও প্রতিটি বিভাগ থেকে ১০ শিশু-কিশোরকে পুরস্কৃত করা হয়।

ক্যাম্পাস প্রতিবেদক



EAST WEST UNIVERSITY




TOP NEWS

Share Us On:
Facebook
Twitter
LinkedIn
YouTube

Download PDF
View Details

East Wings
Chassis
Furniture
Campus

২৪ নভেম্বর ১৯



২৪ নভেম্বর, ২০১৯, পৃষ্ঠা-৬